# 2023

## BENGALI

## ( Honours Core )

Paper : BEN–HC–3016

**( Lokasanskriti O Lokasahitya )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : ১×১০=১০

(ক) 'কিরণমালা' গল্পে গৃহস্থের কোন্ মেয়েকে রাজা বিয়ে করেছিলেন ?

(i) বড়মেয়েকে

(ii) ছোটমেয়েকে

(iii) মেজমেয়েকে

(iv) তিনজনকে

(খ) শূন্যস্থানে সঠিক শব্দটি নির্দেশ করো :

"তের রাত্রি _____ দিনে কিরণমালা পাহাড়ে গিয়া উঠিলেন।"

(i) তিন

(ii) তের

(iii) তেইশ

(iv) তেত্রিশ

(গ) 'সাত ভাই চম্পা' গল্পে কোন্ রাণী খুব শান্ত ছিল?

(i) বড়রাণী

(ii) মেজরাণী

(iii) ছোটরাণী

(iv) দুয়োরাণী

(ঘ) শূন্যস্থানে সঠিক শব্দটি নির্দেশ করো :

"ছোট রাণীর হাতে পায়ে _____, পরনে ছেঁড়া কাপড়,"

(i) চন্দন

(ii) গোবর

(iii) মাটি

(iv) কাদা





(ঙ) কোথাকার ভাটি অঞ্চলে ভাটিয়ালি গানের ধারাটির বিকাশ ঘটেছে?

(i) পূর্ব বাংলার

(ii) পশ্চিমবঙ্গের

(iii) অসমের

(iv) গোয়ালপাড়ার

(চ) কার প্রেমে মাতোয়ারা হয়ে গৌরচাঁদ ধূলায় গড়াগড়ি দিচ্ছিলেন?

(i) কৃষ্ণের প্রেমে

(ii) রাধার প্রেমে

(iii) বিষ্ণুপ্রিয়ার প্রেমে

(iv) লক্ষ্মীপ্রিয়ার প্রেমে

(ছ) 'খাঁচার ভিতর অচিন পাখি' গানটির রচয়িতা কে?

(i) জসিমউদ্দিন

(ii) দ্বিজভূষণ চাঁদ

(iii) পাঞ্জুশাহ

(iv) লালন ফকির

(জ) 'মাঘমণ্ডল' ব্রতে কোন্ দেবতার আরাধনা করা হয় ?

(i) সূর্য

(ii) ইন্দ্র

(iii) বরুণ

(iv) শিব

(ঝ) কুমারী মেয়েদের ব্রত অনুষ্ঠান কোনটি ?

(i) মাঘমণ্ডল ব্রত

(ii) লক্ষ্মীব্রত

(iii) পুণ্যিপুকুর ব্রত

(iv) কুক্কুটি ব্রত

(ঞ) আমাদের দেশে তৃতীয় লক্ষ্মীব্রতে কোন্ লক্ষ্মীর পুজো করা হয় ?

(i) স্বর্ণ লক্ষ্মীর

(ii) অরুণা লক্ষ্মীর

(iii) রৌপ্য লক্ষ্মীর

(iv) হরিতা লক্ষ্মীর





২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'সাত ভাই চম্পা' গল্পের ছোটরাণী কয়টি পুত্র ও কয়টি কন্যা সন্তানের জন্ম দিয়েছিলেন ?

(খ) কোজাগর পূর্ণিমায় যে লক্ষ্মীর আরাধনা করা হয় তিনি কী নামে পরিচিতা ? এই লক্ষ্মীর মূর্তি কী রঙের হয় ?

(গ) মাঘমণ্ডল ব্রতে ব্যবহৃত দুটো উপকরণের নাম লেখো।

(ঘ) লোকগানের দুটো বৈশিষ্ট্য উল্লেখ করো।

(ঙ) 'খাঁচার ভিতর অচিন পাখি' গানটিতে বর্ণিত কুঠুরি ও দরজার সংখ্যা উল্লেখ করো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **চারটি**) : ৫×৪=২০

(ক) 'কিরণমালা' গল্পে অরুণ, বরুণ ও কিরণমালা কীভাবে ব্রাহ্মণের গৃহে আশ্রয়লাভ করেছিল তা সংক্ষেপে বর্ণনা করো।

(খ) ঘুঁটে কুড়ানি দাসীর আসল পরিচয় কী ? তাঁকে কে, কেন তাড়িয়ে দিয়েছিলেন ?

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

''দুখের দেশে দুঃখের নদী
কাইন্দা বইয়া যায়
সুখের আশার মন মাঝি তুই
কান্দস আরে হায়।''

(ঘ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"মন তুই রইলি খাঁচার আসে
খাঁচা যে তোর কাঁচা বাঁশের।
কোন দিন খাঁচা পড়বে খসে,
ফকির লালন কেঁদে কয়।"

(ঙ) কুমারীব্রত কাকে বলে? পুণ্যিপুকুর ব্রতকে কুমারীব্রত বলা যায় কি না, বুঝিয়ে লেখো।

(চ) তোমার অধীত পাঠ অবলম্বনে সূর্যের বিয়ে সম্পর্কিত পালাটি সংক্ষেপে বর্ণনা করো।

৪। (ক) রূপকথা হিসেবে 'কিরণমালা' গল্পটির সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

(খ) 'সাত ভাই চম্পা' গল্পের অন্তিমলগ্নে রাজা কীভাবে তাঁর সাত পুত্র ও একমাত্র কন্যা পারুলকে খুঁজে পেয়েছিলেন সেই ঘটনাটি বর্ণনা করো।

৫। (ক) ভাটিয়ালি গানের বৈশিষ্ট্যের নিরিখে তোমার পাঠক্রমের অন্তর্গত একটি গানের বিস্তৃত আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'তোমায় হৃদমাঝারে রাখিবো ছেড়ে দেবো না' গানটির ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো।

৬। (ক) কোজাগর ব্রতের আচার-অনুষ্ঠান এবং মাহাত্ম্য সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো। ১০

*অথবা*

(খ) মাঘমণ্ডল ব্রতকথার আলোচনা প্রসঙ্গে ব্রতের লক্ষণগুলি পরিস্ফুট করো।





৭। (ক) তোমার পঠিত বাউল গান অবলম্বনে বাউল গানের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

*অথবা*

(খ) মায়াপাহাড় থেকে কিরণমালা কর্তৃক অরুণ ও বরুণকে উদ্ধারের কাহিনি লিপিবদ্ধ করো।

★★★